

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.০৯৭

২১ আশ্বিন ১৪২৬
তারিখ: -----
০৬ অক্টোবর ২০১৯

অফিস আদেশ

গত ২৮ জুলাই ২০১৯ তারিখে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর তৃতীয় সভার সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ সংশোধন/হালনাগাদকরণের নিমিত্ত নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন ও কমিটির কার্যপরিধি নির্ধারণ করা হল:

ক্রমিক	নাম, পদবি ও দাপ্তরিক ঠিকানা	কমিটিতে অবস্থান
০১.	অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
০২.	কমিশনার, ঢাকা বিভাগ	সদস্য
০৩.	প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
০৪.	প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
০৫.	প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
০৬.	প্রতিনিধি, অর্থ বিভাগ	সদস্য
০৭.	যুগ্মসচিব (সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
০৮.	উপসচিব (কর্মসম্পাদন বাস্তবায়ন পরিবীক্ষণ), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
০৯.	সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
১০.	উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:

১. কমিটি শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান পর্যালোচনা করবে;
২. কমিটি মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক প্রেরিত মতামত পর্যালোচনা করে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' সংশোধন/হালনাগাদকরণের সুপারিশ করবে;
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-১৯-এর সার্বিক মূল্যায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রণোদনা প্রদানের বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ করবে।

৩। কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে;

৪। নির্দেশক্রমে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৫। গত ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.০৮৭ সংখ্যক অফিস আদেশটি বাতিল করা হল।



(খন্দকার সাদিয়া আরাফিন)

উপসচিব ও সদস্য-সচিব

ফোন: ৯৫১৩৬০১

ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.০৯৭

২১ আশ্বিন ১৪২৬
তারিখ: -----
০৬ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক (যুগ্মসচিব-এর নিম্নে নয়) এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল]
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক (যুগ্মসচিব-এর নিম্নে নয়) এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল]

- ৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক (যুগ্মসচিব-এর নিম্নে নয়) এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল]
- ৪। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক (যুগ্মসচিব-এর নিম্নে নয়) এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল]
- ৫। অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা
- ৭। যুগ্মসচিব (সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮। উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা বাস্তবায়ন পরিবীক্ষণ), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৯। সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার), মন্ত্রিপরিষদ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩। প্রোগ্রামার (আইসিটি সেল), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের শুদ্ধাচার-এর কমিটি বক্সে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল)।



(খন্দকার সাদিয়া আরাফিন)
উপসচিব ও সদস্য-সচিব